কোটচাঁদপুরে কৃষি অফিসার ও রিটেলারদের সাথে জামায়াতে মতবিনিময়

সারের সঠিক মুল্য নির্ধারণ সহ কৃষকদের বিভিন্ন সমস্যা নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা কৃষি অফিসার ও রিটেলারদের সাথে বাংলাদেশ জামায়াতে ইসলামীর নেতাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বিকালে উপজেলা কৃষি অফিসারে কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্বে করেন উপজেলা কৃষি অফিসার রাজিবুল হাসান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতে ইসলামীর আমীর মোঃ আজিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতের সেক্রেটারি মোঃ শরিফুল ইসলাম, বলুহর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মোঃ শাহআলম, অতিরিক্ত কৃষি অফিসার এস এম নাজমুল সাকিব শাহীন, সাংবাদিক আব্দুল্লাহ বাশার, মঈন উদ্দিন খান প্রমুখ।

সে সময় রিটেলারদের সাথে কৃষি কাজে ব্যাবহারিত সকল সারের সঠিক মুল্য নির্ধারণ সহ বিভিন্ন বিষয় তুলে ধরে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিরা। এ সময় নানা শ্রেণী পেশার মানুষ সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর উপজেলা কৃষি অফিসার ও রিটেলারদের সাথে জামায়াতে মতবিনিময়

সারের সঠিক মুল্য নির্ধারণ সহ কৃষকদের বিভিন্ন সমস্যা নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা কৃষি অফিসার ও রিটেলারদের সাথে

বাংলাদেশ জামায়াতে ইসলামীর নেতাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৯ শে আগষ্ট) বিকালে উপজেলা কৃষি অফিসারে কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্বে করেন উপজেলা কৃষি অফিসার রাজিবুল হাসান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতে ইসলামীর আমীর মোঃ আজিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা জামায়াতের সেক্রেটারি মোঃ শরিফুল ইসলাম,বলুহর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মোঃ শাহআলম, অতিরিক্ত কৃষি অফিসার এস এম নাজমুল সাকিব শাহীন, সাংবাদিক আব্দুল্লাহ বাশার, মঈন উদ্দিন খান প্রমুখ।

সে সময় রিটেলারদের সাথে কৃষি কাজে ব্যাবহারিত সকল সারের সঠিক মুল্য নির্ধারণ সহ বিভিন্ন বিষয় তুলে ধরে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিরা। এ সময় নানা শ্রেণী পেশার মানুষ সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন

কোটচাঁদপুরে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া অনুষ্ঠান

বিএনপি’র কেন্দ্রিয় কর্মসূচীর অংশ হিসাবে সাবেক প্রধান মন্ত্রী ও বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার দীর্ঘায়ু ও সুস্থতা কামনার এবং বর্তমান ও বিগত দিন আন্দোলনে শহীদ সকল ছাত্র জনতার আত্মার মাগফেরাত ও আহতদের সুস্থতা কমনা করে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির আয়োজনে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার মেইন বাজার পৌর বিএনপি দলিও কার্যালয়ে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্র বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ তথ্য ও

গবেষনা সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল। সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক।

প্রধান বক্তা সাবেক সফল মেয়র ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, জেলা বিএনপির উপদেষ্টা কাউন্সিল মাহবুব খান হানিফ, পৌর বিএনপির দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইঁয়া, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, উপজেলা কৃষক দলের আহ্বায়ক রফিকুল ইসলাম, পৌর কৃষক দলের আহ্বায়ক কৃষি বিদ ফিরোজ উদ্দিন মানিক, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক আব্দুল্লাহ বাশার, যুগ্ম আহ্বায়ক রিপন শেখ, যুগ্ম আহ্বায়ক বেনজামিন, উপজেলা ছাত দলের আহ্বায়ক নাছির উদ্দীন লিয়ন,সদস্য সচিব হুমায়ূন কবির হিরা প্রমুখ। এ সময় বিএনপি, যুবদল, ছাত্র দল, সেচ্ছাসেবক দল, কৃষক দল সহ সকল অঙ্গ সংগঠনের নেতা- কর্মী উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন ইসলামি সংস্কৃতিক কেন্দের মুহাতামিম নুরুন্নবী আশিকী।

কোটচাঁদপুরে বিএনপির শান্তি সমাবেশ

কেন্দ্রীয় ঘোষিত কর্মসূচীর অংশ হিসেবে কোটচাঁদপুরের এলাঙ্গী বাজারে শান্তি সমাবেশ করেছেন বিএনপি। বৃহস্পতিবার (১৫ আগষ্ট) বিকেলে এ সমাবেশ করেন দলটি।

সারাদেশের ন্যায় বৃহস্পতিবার (১৫ আগষ্ট) বিকেলে উপজেলার এলাঙ্গী বাজারে শান্তি সমাবেশ করেছেন কোটচাঁদপুর উপজেলা বিএনপি।

সমাবেশে সভাপতিত্ব করেন, এলাঙ্গী ইউনিয়নের মতিয়ার রহমান গাজী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান ইকরামুল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সহসভাপতি সাইফুর রহমান মিন্টু, এলাঙ্গী ইউনিয়ন বিএনপি সহসভাপতি একরামুল হক, এলাঙ্গী ইউনিয়ন বিএনপি সাধারন সম্পাদক মনিরুজ্জামান খোকা, এলাঙ্গী ইউনিয়ন বিএপির যুগ্ন সাধারণ সম্পাদক গান্না কলেজের সহকারী অধ্যাপক মোঃ আব্দুস, এলাঙ্গী ইউনিয়ন বিএনপি সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা মন্টু, এলাঙ্গী ইউনিয়ন যুবদলের আহ্বায়ক আসাদুজ্জামান আসাদ, মিজানুর রহমান মজনু।

এসময় বক্তারা বলেন, ১৭ বছর ধরে এলাকার পাট গাছ সোজা থাকেনি। এখন অনেকে আসছেন দল করতে। তারা বলেন, এখনও আমরা রাষ্ট্রীয় ক্ষমতা পায়নি, এ জন্য আমাদের একতা বদ্ধ হয়ে সব কিছু মোকাবিলা করতে হবে। এরপর ক্ষমতায় আসলে আমাদের কাছ থেকে যারা পুলিশ দিয়ে টাকা নিয়েছেন, সেই টাকা গুলো ফেরত নিবো। আপনারা টাকা জড়ো করা শুরু করে দেন।

কোটচাঁদপুর বিএনপির শান্তির সমাবেশ অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে উপজেলার এলাঙ্গী বিএনপির শান্তির সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার ইউনিয়নের গুড়পাড়া বাজারে বিএনপির শান্তির সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে সভাপতিত্ব করেন এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান ইকরামুল হক।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি সহসভাপতি সাইফুর রহমান মিন্টু, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজ আলম মামুন, উপজেলা ছাত্র দলের সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, এলাঙ্গী ইউনিয়ন যুবদলের আহ্বায়ক আসাদুজ্জামান আসাদ প্রমুখ। শান্তি সমাবেশ পরিচালনা করেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মোঃ মনিরুজ্জামান

খোকা। এ সময় বিএনপি, যুবদল, ছাত্র দল, সেচ্ছাসেবক দল সহ সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময়

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুযোগ্য সন্তান বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে সনাতন ধর্মাবলম্বীদের জান মালের নিরাপত্তা দেবে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দ কোটচাঁদপুরে সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময় সভায় এসব কথা বলে ঝিনাইদহ জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুর জামান মনা।

আজ রবিবার (১১ আগষ্ট) বিকালে মেইন বাজারে সিদ্ধেশ্বরী কালী মন্দিরে এ সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় কালী মন্দিরের সভাপতি শিক্ষক দিবস চন্দ্র সিংহ।

বক্তব্য রাখেন ঝিনাইদহ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি নারান চন্দ্র বিশ্বাস, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, সাবেক মেয়র ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপির সহসভাপতি মোঃ সাইফুর রহমান মিন্টু,জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক শাহাজান আলী, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব রহমান শেখর, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আসিফ ইকবাল মাখন,ঝিনাইদহ সদর উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি চন্দন বসু মুক্ত, জেলা বিএনপির সদস্য ইকরামুল হক, উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক

আলমগীর খান, দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইঁয়া প্রমুখ। মতবিনিময় সভা সঞ্চালনা করেন উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক।

এ সময় উপস্থিত ছিল উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দ এবং সনাতন ধর্মাবলম্বী বিভিন্ন শ্রেণী পেশার মানুষ

আমি আপনাদের পাহারাদার হতে চায় কোটচাঁদপুর শোকরানা সমাবেশ মতিয়ার রহমান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ৭ সমন্বয়কের হাত ধরে ও বংপুরের পুলিশের গুলিতে শহীদ আবু সাঈদদের রক্তের বিনিময়ে এই দেশ নতুন করে স্বাধীন হয়েছে। শহীদের রক্ত বৃথা যেতে পারে না। বাংলাদেশ জামায়াতী ইসলামী কোটচাঁদপুর উপজেলা শাখার আয়োজনে শোকরানা সমাবেশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জামায়াতে ইসলামী কেন্দ্রীয় শুরা সদস্য ও জেলা নায়েবে আমীর ঝিনাইদহ-৩ আসনের মনোনীত প্রার্থী অধ্যাপক মতিয়ার রহমান।

তিনি আরো বলেন, এই বিজয় যেন কেউ ছিনিয়ে নিতে না পারে। সকলকে হানাহানি লুটপাট এবং আগুন সন্ত্রাস বন্ধ করতে অনুরোধ জানান এবং বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে যারা শাহাদৎ বরন করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করেন।

আজ শুক্রবার বিকেলে মেইন বাজার চত্বরে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন জামায়াতে ইসলামী কোটচাঁদপুর উপজেলা শাখার আমীর মোঃ আজিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জামায়াতে ইসলামী কেন্দ্রীয় শুরা সদস্য ও জেলা সহকারী সেক্রেটারি অধ্যক্ষ মাওলানা মোহাম্মদ আব্দুল হাই, সাবেক উপজেলা চেয়ারম্যার মওলানা মোঃ তাজুল ইসলাম,

সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যার মোঃ মোয়াবিয়া হোসেন।

শোকরানা সমাবেশ সঞ্চলনা করেন জামায়াতে ইসলামী কোটচাঁদপুর উপজেলা শাখার সেক্রেটারি মোঃ শরিফুল ইসলাম। সে সময় শোকরানা সমাবেশ জামায়াতে ইসলামী, ইসলামি ছাত্র শিবির সহ বিভিন্ন দায়িত্ব শীল নেতা কর্মী উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর শহরে যানজট নিয়ন্ত্রণে কাজ করেছে বিএনসিসির শিক্ষার্থীরা

কোটচাঁদপুর শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড়ে মোড়ে ট্রাফিক পুলিশের দ্বায়িত্ব পালন করছেন সরকারি কে এম এইচ কলেজের বিএনসিসির শিক্ষার্থীর।

গতকাল বৃহস্পতিবার সকালে শহরের মেইন বাসস্ট্যান্ড পাইকারী কাঁচা বাজার,মেইন বাসস্ট্যান্ড, হাসপাতাল মোড় সহ বেশ কয়েকটি এলাকায় সড়কে যানজট নিয়ন্ত্রন করতে দেখা যায় তাদের। এতে করে সাধারণ মানুষের মাঝে প্রাণ চাঞ্চল্য ফিরে আসেতে দেখা গেছে। কাঁচা বাজার মামা ভাগ্নে ওয়াকসপের মালিক তরিকুল ইসলাম বলেন, সকাল থেকে দেখছি বিএনসিসির ড্রেস পরে ছেলে ও মেয়ে শিক্ষার্থীরা সড়কে যানজট নিয়ন্ত্রণে কাজ করেছে। হাট বারে এখানে প্রচুর পরিমানে যানজট সৃষ্টি হয়। যাতে সাধারণ মানুষের প্রচুর পরিমানে ভোগান্তি পোহাতে হয়। আজ আর সেই ভোগান্তি পোহাতে হচ্ছে না। আমি খুশি হয়ে তাদের সকালের নাস্তা কিনে দিয়েছি।

সরকারি কে এম এইচ কলেজের অনার্স দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী বিএনসিসির ক্যাডেট মনোয়ার হোসেন বলেন, বিএনসিসির সদর দপ্তরের আদেশে কে এম এইচ কলেজে ১৫-২০ জন ছাত্র, ছাত্রী আমরা শহরের বিভিন্ন জায়গায় যানজট নিয়ন্ত্রণ ও সাধারণ মানুষের ভুগান্তী কুমাতে দায়িত্ব পালন করছি। এতে সাধারণ পথচারীরা আমাদের প্রতি সাধুবাদ জানাচ্ছে। পাশাপাশি সবাই সহায়তা করছে। এ কর্মসূচী চলমান

কোটচাঁদপুর উপজেলা প্রশাসনে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে মতবিনিময় সভা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের সাথে সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে রাজনৈতিক দলের নেতা কর্মী, বৈষম্য বিরোধী সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে রাজনৈতিক দলের নেতা কর্মী, বৈষম্য বিরোধী ছাত্র, সাংবাদিক, ব্যবসায়ী সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

মতবিনিময় সভায় বক্তব্য রাখেন উপজেলা সহকারী কমিশনার ভূমি জান্নাতুল মাওয়া, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান,কৃষিকর্মকর্তা রাজিবুল হাসান, কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, বাংলাদেশ জামায়াতে ইসলামের আমির আজিজুর রহমান, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, উপজেলা জামায়াতে ইসলামের সেক্রেটারি শরিফুল ইসলাম, কোটচাঁদপুর পৌর সভার সাবেক মেয়র ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক, পৌর আমির মাওলানা নাজির আহমেদ, পৌর সেক্রেটারি আবদুল কাইয়ুম, কুশনা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান টিটো খান, উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভুইয়া, পৌর বিএনপির সহ সাধারণ সম্পাদক রুস্তম কবির, সাংবাদিক আব্দুল্লাহ বাশার, মইন উদ্দিন খান, এস এম রায়হান উদ্দিন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতা ঢাকা কমার্স কলেজের ইংরেজি বিভাগের ছাত্র নাছিম আল মামুন, ঝিনাইদহ কেসি কলেজের ছাত্র আল শাহরিয়ার ওভিক, তানভীর আহমেদ রিজভী, সিফাত

খান ফাহিম, রফিকুল ইসলাম,নাছিম আল মামুন আলী হোসেন, হৃদয় আহাম্মেদ প্রমুখ।

সে সময় উপজেলার বর্তমান সময়ের সার্বিক পরিবেশ পরিস্থিতি নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিরা। এ সময় শিক্ষক, ব্যাবসায়ী, ছাত্র সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে বিএনপির কারামুক্ত নেতা ও সনাতন ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময়

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিএনপির সদ্য কারামুক্ত নেতাদের ফুলেল শুভেচছা ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকালে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে শহরের পায়রা চত্বরে চলমান আন্দোলনে মিথ্যা নাশকতা মামলায় সদ্য কারামুক্ত নেতা-কর্মীদের এই ফুলেল শুভেচছা দেওয়া হয়। পরে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র সালাহউদ্দিন বুলবুল সিডলের সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিতি ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক।

সমাবেশে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, জেলা বিএনপি-র যুগ্ন সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক, উপজেলা কৃষক দলের আহ্বায়ক রফিকুল ইসলাম প্রমূখ।

এসময় উপস্থিত ছিলেন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, উপজেলা বিএনপির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক মেঃ মঈন উদ্দীন, পৌর বিএনপির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক এসএম রায়হান উদ্দীন, উপজেলা যুবদলের আহ্বায়ক

আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, সদস্য সচিব সেলিম রেজা মধু, যুগ্ন আহ্বায়ক আব্দুল্লাহ বাশার, সাবেক পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক রুস্তম কবির, পৌর বিএনপির যুগ্ন সাধারণ সম্পাদক কামাল হোসেন, পৌর কৃষক দলের আহ্বায়ক ফিরোজ উদ্দীন মানিক, উপজেলা ছত্রদলের সদস্য সচিব হুমায়ন কবির হিরা, পৌর ছাত্রদলের আহ্বায়ক নিশুসহ উপজেলা ও পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মী।

সমাবেশ শেষে এলাকার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষায় সনাতন ধর্মাবলম্বী ও সাধারণ ব্যবসায়ী নেতাদের সাথে মতবিনিময় করেন।